

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬০৩(আগরতলা ১৮।১)

জিরানীয়া, ১৮ জানুয়ারি, ২০২৪

**প্রজাতন্ত্র দিবস : জিরানীয়ায় প্রস্তুতি সভা**

আগামী ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে গতকাল জিরানীয়া মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা। সভায় উপস্থিত ছিলেন রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুরু দাস, মহকুমা পুলিশ আধিকারিক হিমাঙ্গি প্রসাদ দাস, সমাজসেবী গৌরঙ্গ ভৌমিক, বিভিন্ন দপ্তরের আধিকারিক, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, প্রধান শিক্ষিকাগণ ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২১ জানুয়ারি পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন সরকারি কার্যালয়ে আলোকসজ্জা করা হবে। মহকুমায় প্রজাতন্ত্র দিবস উদযাপনে মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে বীরেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে।

\*\*\*\*\*